কুষ্টিয়ায় এইডস প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় এইচ আই ভি/এইডস প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাসরিন বানু, সিভিল সার্জন ডা: আকুল উদ্দিন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ড. হায়াত মাহমুদ সহ জেলার সকল দপ্তর প্রধান গণসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

এইডস প্রতিরোধে ভয় নয়, প্রয়োজন সচেতনতা উল্লেখ করে বক্তারা বলেন, এইডস মানুষের দেহে রোগ প্রতিরোধের ক্ষমতা কমিয়ে দেয়। এ রোগ সম্পর্কে বিশেষভাবে সচেতন করতে বিশ্বজুড়ে পালিত হয় এইডস দিবস। ১৯৮৮ সালে গঠন করা হয় আন্তর্জাতিক এইডস সোসাইটি এবং সে বছরই ১ ডিসেম্বরকে বিশ্ব এইডস দিবস হিসাবে ঘোষণা করা হয়। অন্যান্য দেশের মতো বাংলাদেশেও প্রতিবছর এদিন বিশ্ব এইডস দিবস পালন করা হয়।

বক্তারা আরও বলেন, যদিও জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অনুসারে ২০৩০ সালের মধ্যে দেশ থেকে এইচআইভি বা এইডস রোগ নির্মূলের বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যন্ত মাত্র ৬৩ শতাংশ রোগী শনাক্ত করা গেছে। তবে, এসডিজির প্রথম শর্ত অনুসারে, এ সময়ের মধ্যে ৯৫ শতাংশ এইচআইভি আক্রান্ত রোগী শনাক্ত করার বাধ্যবাধকতা ছিল।

কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির

নির্বাচন কাল

আগামীকাল কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনকে ঘিরে আদালত চত্বর বর্ণিল সাজে সেজেছে। চারিদিকে ফেস্টুন দিয়ে সাজানো হয়েছে স্ব স্ব প্রার্থীদের প্রচার অভিযান।

প্রার্থীরা সকাল থেকে মধ্যরাত পর্যন্ত ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছে। কুষ্টিয়া জেলা আইনজীবী ভবন নিরুত্তাপ থাকলেও বর্তমানে নির্বাচনি উত্তাপের আমেজ বইছে ভোটারদের মাঝে। শেষ মুহূর্তে জমে উঠেছে নির্বাচন।

নির্বাচনি প্রচার-প্রচারণা এখনো তুঙ্গে। গত রোববার নির্বাচন কমিশন কর্তৃক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রকাশ্য না হলেও দুটি আইনজীবী প্যানেল নির্বাচনি মাঠে সহ-অবস্থানে থেকে স্বতঃস্ফূর্তভাবে সভাপতি ও সাধারণ সম্পাদক পদসহ বিভিন্ন পদে প্রার্থী হয়ে নির্বাচনে লড়ছেন।

প্রার্থীদের দলগত সমর্থনে তাদের অনেক ভোটার রয়েছে। নিজ নিজ প্রার্থীর পক্ষে চালিয়ে যাচ্ছেন নির্বাচনি প্রচারণা। ভোটারদের কাছেও চলছে প্রার্থীদের বিগত দিনের ভাল-মন্দ কাজের চুলচেরা বিশ্লেষণ।

পেশাগত হাজারো ব্যস্ততার মধ্যেও ভোটকে কেন্দ্র করে একে অপরের সঙ্গে দেখা করছে এবং ভোটারদের কাছে ভোট প্রার্থনা করছেন প্রার্থীরা। প্রার্থীরা আইনজীবীদের সার্বিক কল্যাণে ও সমিতির উন্নয়নের কথা শুনাচ্ছেন ভোটারদের।

সকাল সাড়ে ৯টা থেকে শুরু হয়ে বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে একটানা বিকাল সাড়ে ৩টা পর্যন্ত। এবারের নির্বাচনে নির্বাচন কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্বে রয়েছেন-সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মীর ছানোয়ার হোসেন এবং সদস্য হিসেবে দায়িত্বে আছেন অ্যাডভোকেট আকরাম হোসেন দুলাল ও অ্যাডভোকেট শরীফ উদ্দিন রিমন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, সভাপতি পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও জেলা জজ আদালতের জজশীপের (জিপি) সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট আ.স.ম আখতারুজ্জামান (মাসুম), কুষ্টিয়া জেলা আইনজীবী

সমিতির সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মুহ. হারুনুর রশিদ, অ্যাডভোকেট সোহেল খালিদ মো. সাঈদ অন্যদিকে ক্লিন ও পরিচ্ছন্ন মানুষ, তরুণ আইনজীবীদের প্রিয় প্রার্থী ও জুনিয়র ও সিনিয়র আইনজীবী বান্ধব, একজন প্রতিষ্ঠিত ফৌজদারি আইনজীবী অ্যাডভোকেট খন্দকার সিরাজুল ইসলাম।

সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির বর্তমান সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শেখ মো. আবু সাঈদ, সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট খাদেমুল ইসলাম এবং কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক আইনজীবী অ্যাডভোকেট দেওয়ান মাসুদ করিম মিঠু।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় হেলপার নিহত

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় শান্ত ইসলাম (১৮) নামে এক ট্রাকের হেলপার নিহত হয়েছেন। বুধবার ভোরের দিকে কুষ্টিয়া-খুলনা মহাসড়কের কুষ্টিয়া সদর উপজেলার বটতৈল এলাকায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত শান্ত ইসলাম ময়মনসিংহ মুক্তাগাছা উপজেলার রাজাবাড়ী এলাকার মোস্তফা আলীর ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সোহেল শেখ জানান, বুধবার ভোরের দিকে বটতৈল এলাকার রুহুল ফিলিং স্টেশনের কাছে নেত্রকোনা থেকে মিষ্টিকুমড়ো বোঝাইকৃত ঝিনাইদহগামী ১টি ট্রাক রাস্তায় দাঁড়িয়ে থাকা পাথরবোঝায় আরেকটি ট্রাককে পেছন থেকে ধাক্কা দেয়। এতে চলন্ত ট্রাকের হেলপার শান্ত ইসলাম পড়ে গিয়ে ঘটনাস্থলেই নিহত হন।

খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

জমে উঠেছে কুষ্টিয়া জেলা আইনজীবি সমিতির নির্বাচন

জমে উঠেছে কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির নির্বাচন। অল্প সময়ের এ নির্বাচনকে ঘিরে আমেজ বইছে ভোটারদের মাঝে। নির্বাচনী প্রচার-প্রচারণা এখন তুঙ্গে।

দলমত নির্বিশেষে প্রতিবার নির্বাচন হলেও এবারই প্রথম জাতীয়তাবাদী দলের পক্ষ থেকে নির্বাচনের শীর্ষ পদ সভাপতি ও সাধারণ সম্পাদক পদে প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন। দলগত সমর্থনে তাদের অনেক ভোটার রয়েছে।

নিজ নিজ প্রার্থীর পক্ষে চালিয়ে যাচ্ছেন নির্বাচনী প্রচারণা। ভোটারদের কাছেও চলছে প্রার্থীদের বিগত দিনের ভালমন্দ কাজের চুলচেরা বিশ্লেষণ। আর মাত্র ২ দিন বাকী ২০২৪-২০২৫ মেয়াদের কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সাধারণ নির্বাচনের।

প্রার্থীরা বসন্তকালের মৃদু শীতের শিতলতা মাড়িয়ে নির্বাচনের উত্তাপ ছড়াতে রাতের আধারে ভোট প্রার্থনায় ছুটছে ভোটারদের দ্বারে দ্বারে। চলছে গভীর রাত পর্যন্ত ভোটারদের সাথে মতবিনিময় ও ভোট চাইবার কাজ।

চলছে নিজ নিজ সেরেস্তার আইনজীবীদের নিয়ন্ত্রণের জোর লবিং ও চেষ্টা। পেশাগত হাজারো ব্যস্ততার মধ্যেও ভোটকে কেন্দ্র করে একে অপরের সাথে দেখা করছে এবং ভোটারদের কাছে ভোট প্রার্থনা করছেন প্রার্থীরা।

প্রার্থীরা আইনজীবীদের সার্বিক কল্যাণে ও সমিতির উন্নয়নের কথা শুনাচ্ছেন ভোটারদের। নিজ নিজ ক্যাম্পে বসেও ভোটারদের সাথে খোশগল্প মিষ্টিমুখসহ নানা আপ্যায়নে আপ্যায়িত করছেন প্রার্থীরা। আবার কেউ কেউ পেশাগত হাজারো ব্যস্ততাকে উপেক্ষা করে ভোট চাইতে ভোটারদের কাছে ছুটছেন।

তফশীল অনুযায়ী আগামী ২৯ ফেব্রুয়ারী বৃহস্পতিবার ২০২৪-২০২৫ সাল

মেয়াদী কমিটির নির্বাচন সমিতির নিজস্ব ভবনের নতুন হল রুমে অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ৯টা থেকে শুরু হয়ে বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে একটানা বিকেল সাড়ে ৩টা পর্যন্ত।

এবারের নির্বাচনে নির্বাচন কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্বে রয়েছেন-সিনিয়র আইনজীবী এ্যাড. মীর ছানোয়ার হোসেন এবং সদস্য হিসেবে দায়িত্বে আছেন এ্যাড. আকরাম হোসেন দুলাল ও এ্যাড. শরীফ উদ্দিন রিমন।

নির্বাচনে এখন প্রায় প্রকাশ্যে দুটি প্যানেলের প্রার্থী-কর্মী সমর্থকরা দল বেধে ভোট চাচ্ছেন ভোটারদের কাছে। প্রচারনার ক্ষেত্রে শেষ পর্যন্ত এই অবস্থা থাকে কিনা সেটি বিবেচ্য না হলেও হ্যাভিওয়েট প্রার্থীরা কে কোন প্যানেলের প্রার্থী সেটি কিন্তু ভোটারদের কাছে পরিস্কার হয়ে উঠেছে। নির্বাচন নিয়ে আইনজীবীদের মাঝে উত্তাপের আমেজ বইছে বার প্রাঙ্গনে। প্রার্থীরা খুব জোরে-সরেই নেমেছেন নির্বাচনী মাঠে। চলছে নিজ নিজ সেরেস্তার আইনজীবীদের নিয়ন্ত্রণের জোর চেষ্টা। পেশাগত হাজারো ব্যস্ততার মধ্যেও ভোটকে কেন্দ্র করে একে অপরের সাথে দেখা করছে এবং ভোটারদের কাছে ভোট প্রার্থনা করছেন প্রার্থীরা।

নির্বাচন কমিশন সুত্রে জানা গেছে, সভাপতি পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও জেলা জজ আদালতের জজশীপের (জিপি) সিনিয়র আইনজীবী এ্যাড. আ, স, ম, আখতারুজ্জামান (মাসুম), কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সিনিয়র আইনজীবী এ্যাড. মুহঃ হারুনুর রশিদ, এ্যাড. সোহেল খালিদ মোঃ সাঈদ অন্যদিকে জাতীয়তাবাদী দলের পক্ষ থেকে ক্লিন ও পরিচ্ছন্ন মানুষ, তরুণ আইনজীবীদের প্রিয় প্রার্থী ও আইকোন, জুনিয়র ও সিনিয়র আইনজীবী বান্ধব, একজন প্রতিষ্ঠিত ফৌজদারী আইনজীবী এ্যাড. খন্দকার সিরাজুল ইসলাম।

সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির বর্তমান সাধারণ সম্পাদক এ্যাড. শেখ মোঃ আবু সাঈদ, সিনিয়র আইনজীবী এ্যাড. খাদেমুল ইসলাম এবং কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক জনপ্রিয় তরুণ ও মেধাবী তারুণ্যের প্রতীক, কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির জুনিয়র ও সিনিয়র সাধারণ আইনজীবীদের কাছে জনপ্রিয়তার শীর্ষে, অধিক গ্রহনযোগ্য আইনজীবী এ্যাড. দেওয়ান মাসুদ করিম মিঠু।

সিনিয়র সহ-সভাপতি পদে এ্যাড.তানজিলুর রহমান এনাম ও এ্যাড. মোঃ ফারুক আজম মৃধা। সহ-সভাপতি পদে এ্যাড. মঞ্জরুল আলম (সান্নু) ও এ্যাড. এস.এম. মনোয়ার হোসেন মুকুল। যুগ্ম সাধারণ সম্পাদক পদে এ্যাড. ইকবাল হোসেন টুকু, এ্যাড. মনোয়ারুল ইসলাম (মনিরুল), এ্যাড. হাসান রাজ্জাক রাজু ও এ্যাড. মোঃ ইমরান হোসেন দোলন। কোষাধ্যক্ষ পদে এ্যাড. মোঃ শহিদুল ইসলাম (১), এ্যাড. মোঃ আবুল হাশিম ও এ্যাড. মোঃ কামরুল ইসলাম খোকন। গ্রন্থগার সম্পাদক পদে এ্যাড. সোহেলী পারভীন ঝুমু, এ্যাড. মোস্তাফিজুর রহামন ও এ্যাড. মোঃ নুরুল ইসলাম (নুরুল)। সাংস্কৃতিক সম্পাদক পদে এ্যাড. আশুতোষ কুমার পাল (দেবাশীষ), এ্যাড. রোকুনুজ্জামান (সাজু) ও এ্যাড. মকলেছুর রহমান পিন্টু। দপ্তর সম্পাদক পদে এ্যাড. মোঃ ওয়ালীউল বারী ও এ্যাড. রকিবুজ্জামান (রানা)। সিনিয়র সদস্য পদে এ্যাড. আব্দুর রশিদ (২) এ্যাড.আয়েশা সিদ্দিকা, এ্যাড. নিজাম উদ্দিন (২), এ্যাড. হাফিজুর রহমান (হাফিজ) এ্যাড. রাজীব আহসান রঞ্জু, এ্যাড.আকতারুজ্জামান (আক্তার) ও এ্যাড.মারুফ বিল্লাহ। জুনিয়র সদস্য পদে এ্যাড. বশির উদ্দিন, এ্যাড.আব্দুর রাজ্জাক, এ্যাড. সাইফুর রহমান (সুমন), এ্যাড. তরিকুল ইসলাম সাগর ও এ্যাড. আহসান হাবীব লিংকন চুড়ান্ত প্রার্থী হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করবেন।

কুষ্টিয়ায় মেয়াদোত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার, জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় হাসপাতালের প্যাথলজি সেন্টারকে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার করায় ৭৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা শাখা।

মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারী) দুপুরে ভেড়ামারা উপজেলা শহর এলাকায় তিনটি ডায়াগনষ্টিক সেন্টারে এ জরিমানা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, নিয়মিত অভিযানের অংশ হিসেবে মঙ্গলবার দুপুরের দিকে ভেড়ামারা উপজেলা শহরের এলাকার কয়েকটি প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনষ্টিক সেন্টারে অভিযান চালানো হয়।

এ সময় প্যাথলজিতে রোগ নির্ণয়ে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার করায় ভোক্তা অধিকার আইন-২০০৯ এর ৫১ ধারায় সনো ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার, হেলথ গার্ডেন ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা এবং মামণি ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ টাকা জরিমানা করা হয় এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়েছে। জনস্বার্থে এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: মো: নুরুল আমিন বলেন, রিএজেন্ট গুনগতমানের না হলে কোনোভাবেই রোগ নির্নয় সম্ভব নয়। এজন্য চিকিৎসায় পরীক্ষা নিরীক্ষার ক্ষেত্রে রিএজেন্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়।

এ সময় অভিযান পরিচালনায় সহযোগিতা করেন ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: মো: নুরুল আমিন এবং জেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আরাফাত আলীসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ ৩ ব্যবসায়ী গ্রেপ্তার

কুষ্টিয়ায় দৌলতপুর উপজেলার বৈদ্যনাথতলা গ্রাম থেকে ২৫৯ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ ৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

মঙ্গলবার ভোরে র্যাব-১২ সিপিসি-১ কোম্পানির একটি চৌকস অভিযানিক দল মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ।

র্যাব-১২ কুষ্টিয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, র্যাব-১২ কুষ্টিয়া কোম্পানির সিপিসি-১ এর একটি চৌকস অভিযানিক দল

মঙ্গলবার ভোর আনুমানিক সাড়ে ৬টার দিকে দৌলতপুর উপজেলার বৈদ্যনাথতলা গ্রামে অভিযান পরিচালনা করে।

এ সময় চরদিয়াড় গ্রামের মো. লুৎফর মালিথার ছেলে ফৌরদোস মালিথা(৪২), বৈদ্যনাথতলা গ্রামের মৃত শাহাদত মালিথার ছেলে মো. সাজদার হোসেন (৪৩), ও বৈদ্যনাথতলা গ্রামের মো. আব্দুল মালেকের ছেলে মো. বজলুর রহমান (৩৮)কে গ্রেপ্তার করে ২৫৯ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

যার আনুমানিক মূল্য ৭ লাখ ৭৭ হাজার টাকা বলে জানায়। গ্রপ্তোরকৃতরা জানায়,দীর্ঘদিন ধরে তারা মাদক ব্যবসা চালিয়ে আসছে। পরে তাদের বিরুদ্ধে দৌলতপুর থানায় মামলা দায়ের করা হয়েছে।

অপর দিকে সোমবার ভোরে কুষ্টিয়ার মিরপুর ও দৌলতপুরে পৃথক অভিযান পরিচালনা করে ৩২০ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে।

এ সময় একটি ড্রাম ট্রাক, একটি কভার্ড ভ্যানসহ ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। উদ্ধারকৃত ফেনসিডিলের আনুমানিক মূল্য ৯লাখ ৬০ হাজার টাকা বলে র্যাব-১২ কুষ্টিয়া জানায়।

কুষ্টিয়ায় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় কর্মশালা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় গ্রাজুয়েট(এম.বি.বি.এস) প্র্যাকটিশনার/পেডিয়াট্রিশিয়ানদের(কনসালটেন্ট) নিয়ে অনুষ্ঠিত নেটওয়ার্কিং মিটিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে শহরের খেয়া রেস্তোরাঁয় এ কর্মশালায় সভাপতিত্ব করেন কুষ্টিয়ার সিভিল সার্জন ডাঃ মোঃ আকুল উদ্দিন।

ব্র্যাক এর সহযোগিতায় জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির অধীনে কুষ্টিয়া সিভিল সার্জন এ কর্মশালার আয়োজন করে। সেমিনারে

রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মো: রফিকুল ইসলাম।

আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: তাপস কুমার সরকার, সিনিয়র শিশু বিশেষজ্ঞ, কুষ্টিয়ার ছয় উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিকেল অফিসারগণ, ডিস্ট্রিক্ট সার্ভিলেন্স মেডিকেল অফিসার (ডিএসএমও), ব্র্যাক কুষ্টিয়ার জেলা সমন্বয়কারী ও ব্র্যাক কুষ্টিয়ার জেলা ব্যবস্থাপক (টিবি)।

কর্মশালায় জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির মিশন, ভিশন, চ্যালেঞ্জ, চাইল্ড টিবি, ইপি টিবি, টিবি-এইচ আই ভি ও টিপিটিসহ যক্ষা রোগ নিয়ন্ত্রণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আলোচনা করা হয়।

পরিশেষে কুষ্টিয়া জেলার যক্ষা রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম আরও বেগবান করতে ও প্রদত্ত সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

কুষ্টিয়া জেনারেল হাসপাতাল পরিদর্শনে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক

স্বাস্থ্য খাতে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে ‘স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার ২০২৪’ দিচ্ছে স্বাস্থ্য মন্ত্রণালয়। তারই ধারাবাহিকতায় স্বাস্থ্যমন্ত্রীর ‘জাতীয় পুরস্কার” প্রদানের অংশ হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখার অধীনে হেলথ সিসটেম স্ট্রেন্থথেনিং কার্যক্রমের আওতায় নির্বাচিত স্বাস্থ্য প্রতিষ্ঠানের সার্বিক অবস্থার উপর ফিজিক্যাল এসেসমেন্ট পরিদর্শন করা হয়।

রবিবার সকালে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (এমআইএস) অধ্যাপক ডাঃ মোঃ শাহাদত হোসেনের নেতৃত্বে পরিদর্শক টিমদের সাথে নিয়ে পরিদর্শন করেছেন।

হাসপাতালের সকল বিভাগের কাজ, পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ সকল কক্ষ ঘুরে দেখেন। পরিদর্শক দলটি, হাসপাতালের সামগ্রিক পরিচ্ছন্নতা ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন ও বিভিন্ন দিক নির্দেশনা দেন।

পরিদর্শনকালে সাথে ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সহকারী সচিব ডা: মোঃ রফিকুল ইসলাম, সহকারি পরিচালক ডাঃ মোঃ নাসির উদ্দিন এবং কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: তাপস কুমার সরকারসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কনসালটেন্টগণ, সকল মেডিকেল অফিসার এবং সকল কর্মকর্তা কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: তাপস কুমার সরকার জানান, রবিবার সকাল স্বাস্থ্যমন্ত্রীর ‘জাতীয় পুরস্কার” প্রদানের জন্য মাননীয় বিভাগীয় পরিচালক মহোদয়ের নেতৃত্বে একটি পরিদর্শক টিম স্বাস্থ্য প্রতিষ্ঠানের সার্বিক অবস্থার উপর ফিজিক্যাল এসেসমেন্ট পরিদর্শন করেছেন।

কুষ্টিয়ার স্বাস্থ্য খাতে জনগণের দৌড়গোড়ায় সেবা পৌঁছে দিতে কাজ করে যাচ্ছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের পুরুস্কারের স্বীকৃতি পেলে পেলে আমাদের কাজের উৎসাহ আরো বেড়ে যাবে।

হাসপাতালের সকলকে সাথে নিয়ে আন্তরিকতা ও সৌহাদ্যপূর্ণ মনোভাবে কাজ করে যাচ্ছি। ইতিমধ্যেই আমরা খুলনা বিভাগের মধ্যে সেরা অবস্থানে রয়েছি এবং সারাদেশে দ্বিতীয় স্থান অর্জন করতে সক্ষম হয়েছে।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা: আকুল উদ্দিন জানান, সম্মানিত স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (এমআইএস) অধ্যাপক ডাঃ মোঃ শাহাদত হোসেন অত্র হাসপাতাল পরিদর্শন করেন।

তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগে গমন করেন এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সংগে মতবিনিময় করেন এবং হাসপাতালের সেবামানের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

কুষ্টিয়ায় ফলের দোকানে যৌন উত্তেজক ওষুধ,জরিমানা আদায়

কুষ্টিয়ার কুমারখালীতে ফলের দোকানে যৌন উত্তেজনা সৃষ্টিকারী ‘ হিট জেনসিন প্লাস ‘ রাখার অপরাধে রিমন হোসেন (২৪) নামে এক ব্যবসায়ীকে দুই হাজার ৫০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

রোববার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে কুমারখালী বাসস্ট্যান্ড সংলগ্ন গোলচত্বর এলাকার লামিয়া কনফেকশনারী এন্ড ফল ভান্ডারের মালিক রিমন হোসেন (২৪) কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী জরিমানা করা হয়। এছাড়াও ৩০ বোতল নিষিদ্ধ ওষুধ ধ্বংস করা হয়।

আদালত পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আমিরুল আরাফাত। এসময় ভূমি কার্যালয়ের স্টাফরা উপস্থিত ছিলেন।

এ তথ্য নিশ্চিত করেছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আমিরুল আরাফাত জানান, গোপন সংবাদের ভিত্তিতে লামিয়া কনফেকশনারী এন্ড ফল ভান্ডারের অভিযান চালানো হয়। অভিযানে ফলের দোকানে নিষিদ্ধ যৌন উত্তেজনা সৃষ্টিকারী ‘ হিট জিনসিন প্লাস ‘ রাখার অপরাধে ফল ব্যবসায়ীকে ২ হাজার ৫০০ টাকা জরিমানা এবং জব্দকৃত ৩০ বোতল নিষিদ্ধ ওষুধ ধ্বংস করা হয়েছে। জনস্বার্থে উপজেলা প্রশাসনের এমন অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

কুষ্টিয়ায় অমর একুশে বইমেলার উদ্বোধন

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, বই মানুষের

জ্ঞানকে সমাদৃত করে। এজন্য আমাদের উচিত মানুষকে বই উপহার দিয়ে তাদেরকে জ্ঞান অর্জনের প্রতি উৎসাহিত করা। তাহলে আমরা একটি শিক্ষিত জাতি গড়তে সক্ষম হবো।

আজ বুধবার সকাল সাড়ে ১১টায় মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে কালেক্টরেট চত্বরের শহীদ মিনার প্রাঙ্গনে ৩দিনব্যাপী বই মেলার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, শিক্ষা মানুষের অমূল্য সম্পদ। আর শিক্ষা লাভের জন্য আমাদের বেশি বেশি বই পড়তে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার।

এ সময় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও মেলা কমিটির আহ্বায়ক কুষ্টিয়া কালেক্টরেটের নির্বাহী ম্যাজিস্ট্রেটরা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা এবং বই মেলায় অংশগ্রহণকারী স্টলের মালিকরা উপস্থিত ছিলেন।
বই মেলায় বিভিন্ন পুস্তক ব্যবসায়ীসহ ৩০টি ষ্টল অংশ নেয়।